গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ
doict.narayanganjsadar.narayanganj.gov.bd

## উপজেলা আইসিটি কমিটির মাসিক সভা ডিসেম্বর'২০১৯ এর কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নাহিদা বারিক<br>উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর |
| তারিখ ও সময়ঃ | : | ১২ ডিসেম্বর, ২০১৯, দুপুর ১২.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন |

### সভায় উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক প্রচার, প্রসার ও ব্যবহারের গুরুত্বারোপ করে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করা হয়। সভার আলোচ্য বিষয়সমূহ এবং সিদ্ধান্তগুলো নিচে তুলে ধরা হলো।

**১। ইউডিসি পরিদর্শন সংক্রান্ত**

**১.১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক পরিদর্শন/দর্শন ও অন্যান্য তথ্যঃ**

| উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ | ইউডিসি | | | | |
|---|---|---|---|---|---|
| | সংখ্যা | ইউএনও কর্তৃক পরিদর্শন | ইউএনও কর্তৃক দর্শন | ইউডিসি এর মাসিক মোট আয় (টাকা) | ইউডিসি হতে মোট সেবাগ্রহীতা |
| ১২-১২-২০১৯ | ০৭ | ০১ | ০১ | ১,২৫,০০০/- | ২৬২৫ |

**২। সভার আলোচ্য বিষয় ও সিদ্ধান্তঃ**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | **উপজেলা আইসিটি কমিটি গঠনঃ** ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের ১৪-০৭-২০১৯ খ্রিস্টাব্দ তারিখের ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৮.১৬-১১০ নং স্মারক মোতাবেক উপজেলা আইসিটি কমিটি গঠন করার কথা বলা হয়। | উপজেলা পর্যায়ে আইসিটির বিকাশ ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে উপজেলা আইসিটি কমিটি গঠিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী প্রোগ্রামার। |
| ২.২ | **সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর দায়িত্ব ও কর্তব্যঃ** উপজেলা পর্যায়ে আইসিটির বিকাশের জন্য সহকারী প্রোগ্রামারের প্রধান দায়িত্ব হল তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা পর্যায়ের সকল কার্যক্রম পরিচালনা, পেপারলেস অফিস চালুকরণ, সরকারি অফিসসমূহে ইন্টারনেট/ওয়েব সার্ভিস চালুকরণে পরামর্শ প্রদান, শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন এবং অফিস প্রধান হিসেবে বিভিন্ন কার্য সম্পাদন। | উপজেলা পর্যায়ে আইসিটির বিকাশ ও উন্নয়নের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক নিয়োগকৃত সহকারী প্রোগ্রামার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | সহকারী প্রোগ্রামার। |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | **উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টাল সংক্রান্তঃ**<br>উপজেলার প্রত্যেকটি দপ্তর এর ওয়েব পোর্টাল হালনাগাদ করার তাগিদ দেয়া হয়। এছাড়া উপজেলার অন্তর্ভুক্ত প্রত্যেকটি ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ করার তাগিদ দেয়া হয়। ওয়েব পোর্টাল এর মেনু বার, পাতা, লিংক, সেবাবক্স, নোটিশ, খবর ইত্যাদি প্রতিনিয়ত হালনাগাদের পরামর্শ দেয়া হয়। | ওয়েব পোর্টাল হালনাগাদে উপজেলার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর মনোনীত সহকারী প্রোগ্রামারের পরামর্শ গ্রহণ করতে বলা হয়। উপজেলার প্রত্যেকটি দপ্তর নিজস্ব ওয়েব পোর্টালগুলো ১০০% হালনাগাদ করার জন্য সম্মত হয়। | উপজেলার প্রত্যেকটি দপ্তর এর দপ্তর প্রধান, ইউডিসির উদ্যোক্তা এবং সহকারী প্রোগ্রামার। |
| ২.৪ | **ইউডিসি এর আয় ও সেবা সংক্রান্তঃ**<br>নারায়ণগঞ্জ সদর উপজেলাধীন ৭টি ইউনিয়ন পরিষদের ইউডিসিগুলোর মাসিক আয় এবং সেবা গ্রহণকারীর সংখ্যা নিয়মিত একসেবায় আপলোড করার এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং সহকারী প্রোগ্রামারকে ইউডিসির মাসিক আয় এবং সেবা গ্রহণকারীর সংখ্যা ই-মেইলে রিপোর্ট আকারে প্রদানের জন্য নির্দেশনা দেয়া হয়। | নারায়ণগঞ্জ সদর উপজেলাধীন ৭টি ইউনিয়ন পরিষদের ইউডিসি গুলোর মাসিক আয় এবং সেবা গ্রহণকারীর সংখ্যা নিয়মিত একসেবায় আপলোড করার ব্যাপারে সম্মত হয়। | ইউডিসির উদ্যোক্তা |
| ২.৫ | **শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্তঃ**<br>নারায়ণগঞ্জ সদর উপজেলাধীন ১৫টি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ১৫টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ১টি ভাষা শিক্ষা ল্যাব নিয়মিত পরিদর্শন এবং ল্যাবে প্রদত্ত বিভিন্ন ল্যাপটপ, ডেস্কটপ, আসবাবপত্র এবং অন্যান্য যন্ত্রাংশ সংরক্ষণে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নির্দেশনা দেয়া হয় এবং ছাত্র-ছাত্রীদের ডিজিটাল পদ্ধতিতে শিক্ষাদানের জন্য তাগিদ দেয়া হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামারকে শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন এবং বিভিন্ন পরামর্শ প্রদানের নির্দেশনা দেয়া হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ |

অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/১২/২০১৯

নাহিদা বারিক
উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।
ফোনঃ ০২-৭৬৪৫২৩৮
E-mail: unonarayanganjsadar@gmail.com

স্মারক নংঃ ০৫.০৪.৬৭০৪.০০১.০৬.০০১.১৯-১৩

তারিখঃ ৩ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১ মাননীয় সংসদ সদস্য নারায়ণগঞ্জ-৪
০২ চেয়ারম্যান উপজেলা পরিষদ, সদর, নারায়ণগঞ্জ
০৩ উপজেলা নির্বাহী অফিসার, সদর, নারায়ণগঞ্জ
০৪ উপজেলা কৃষি অফিসার, সদর, নারায়ণগঞ্জ
০৫ উপজেলা সমাজসেবা অফিসার, সদর, নারায়ণগঞ্জ

০৬ সহকারি কমিশনার(ভূমি), সদর, নারায়ণগঞ্জ
০৭ সহকারী কমিশনার (ভূমি), সিদ্ধিরগঞ্জ সার্কেল
০৮ সহকারী কমিশনার (ভূমি), ফতুল্লা সার্কেল
০৯ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সদর, নারায়ণগঞ্জ
১০ অফিসার ইন চার্জ, নারায়ণগঞ্জ সদর মডেল থানা
১১ অফিসার ইন চার্জ, সিদ্ধিরগঞ্জ থানা
১২ অফিসার ইন চার্জ, ফতুল্লা মডেল থানা
১৩ অধ্যক্ষ, নারায়ণগঞ্জ সরকারি মহিলা কলেজ
১৪ অধ্যক্ষ, নারায়ণগঞ্জ কলেজ
১৫ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নারায়ণগঞ্জ
১৬ উপজেলা শিক্ষা অফিসার, সদর, নারায়ণগঞ্জ
১৭ উপজেলা সমাজসেবা অফিসার, সদর, নারায়ণগঞ্জ
১৮ প্রধান শিক্ষক, নারায়ণগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়
১৯ প্রধান শিক্ষক, সৈয়দপুর বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়
২০ ইন-চার্জ, বিটিসিএল, নারায়ণগঞ্জ সদর
২১ এফ এম বশির, সিনিয়র সাইট ইঞ্জিনিয়ার, সামিট কমিউনিকেশন্স লিমিটেড
২২ সহকারী কমিশনার (আইসিটি), নারায়ণগঞ্জ
২৩ প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নারায়ণগঞ্জ
২৪ সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও (মহাপরিচালকের সদয় অবগতির জন্য)
২৫ অফিস কপি/ মাস্টার ফাইল

২৪/২/২০২২

(মোহাম্মদ রায়হান কবির)
সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।
মোবাইলঃ ০১৯৩৮৪০৬২৪৭
ইমেইলঃ apnarayanganjsadar@gmail.com